

## ।।থাওয়া ।।

ভুরভুরে ঘ্রাণে ভরা বাসমতি চাল,  
তারই পরে ধুমায়িত সোনামুগ ডাল,  
রসাল বেগুন ভাজা সাথে গুটিদুই,  
বক্র পুচ্ছ সহ তেলে চুঁই চুঁই।  
ফুলকো ফুলকো লুচি, ছাঁচড়া ও ফ্রাই,  
সোনালী ডিমের কারি বল কোথা পাই?  
পোনার কালিয়া, আহা ভরা কিসমিস,  
পরান পাগল করা ভাপের ইলিশ।  
চিংড়ি মাছের পেলে মালাইকারি,  
বিরিয়ানি চাঁপ বাবা তাই কি ছাড়ি?  
চাটনি খেজুর আর আলুবখরার  
প্রাণভরে চেটে খাব, দিও বারবার।  
নতুন গুড়েতে ভরা কাঁচা সন্দেশ  
সরভাজা, পান্তয়া, তাজা দরবেশ।  
শেষপাতে রাবড়ি ও মিঠে লাল দই,  
নাহি যদি থাকে তবে থাওয়া হল কই?

কলকাতা, ২ রা জানুয়ারি, ২০০০ ।